

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.০৯৫.২৭.০২১.২০২২. ৬২৫

তারিখ: ০৪ অক্টোবর ১৪৩০ বঙ্গাব্দ
২৯ নভেম্বর ২০২৩ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মোহাম্মদ আব্দুর রউফ (১৪৮৭০), প্রভাষক (পদার্থবিদ্যা), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা গত ১৯/০৫/২০১৫ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তাঁকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, উক্ত কারণ দর্শানো নোটিশ তাঁর বর্তমান কর্মস্থল ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হলেও স্থায়ী ঠিকানা থেকে কারণ দর্শানো নোটিশটি এখনো ফেরত আসিনি। উল্লেখ্য গত ১৮/০৫/২০২০ তারিখে তার অনুপস্থিতকাল ০৫ (পাঁচ) বছর পূর্ণ হয়েছে;


যেহেতু, বি.এস.আর. পার্ট-১ এর বিধি-৩৪ এ উল্লেখ আছে যে, একজন সরকারি কর্মকর্তা ছুটি অথবা ছুটি ব্যতীত একনাগাড়ে ০৫ (পাঁচ) বছরের অধিককাল কর্মস্থলে অনুপস্থিত থাকলে তাঁর চাকরির অবসান (Ceases to be in Government employ) হবে;

যেহেতু, বি.এস.আর.পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী জনাব মোহাম্মদ আব্দুর রউফ-কে চাকরি হতে অবসান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উক্ত সিদ্ধান্তের সাথে মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন;

সেহেতু, জনাব মোহাম্মদ আব্দুর রউফ (১৪৮৭০), প্রভাষক (পদার্থবিদ্যা), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-কে বি.এস.আর. পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী ১৯/০৫/২০১৫ তারিখ হতে সরকারি চাকরি হতে অবসান (Ceases to be in Government employ) করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(সোলেমান খান)

সচিব

নম্বর- ৩৭.০০.০০০০.০৯৫.২৭.০২১.২০২২. ৬২৫/২(২০)

তারিখ: ০৪ অক্টোবর ১৪৩০ বঙ্গাব্দ
২৯ নভেম্বর ২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মোহাম্মদ আব্দুর রউফ এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
৩. মাননীয় শিক্ষামন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. মাননীয় শিক্ষা উপমন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অধ্যক্ষ.....।
৮. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা -----।
১০. জনাব মোহাম্মদ আব্দুর রউফ (১৪৮৭০), প্রভাষক (পদার্থবিদ্যা), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

(মো: শাহীনুর ইসলাম)

উপসচিব